

া সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩১৮৯

১৫/ কিতাবুল জানাযা (کتاب الجنائز)

পরিচ্ছেদঃ ২৪০. কবরের উপর সালাতুল জানাযা আদায় করা।

باب الصَّلاَةِ عَلَى الْقَبْرِ

আরবী

حَدَّثَنَا سُلَيْمَانُ بْنُ حَرْبٍ، وَمُسَدَّدُ، قَالاَ حَدَّثَنَا حَمَّادُ، عَنْ ثَابِتٍ، عَنْ أَبِي رَافِعٍ، عَنْ أَبِي هُرَيْرَةَ، أَنَّ امْرَأَةً، سَوْدَاءً أَوْ رَجُلاً كَانَ يَقُمُّ الْمَسْجِدَ فَفَقَدَهُ النَّبِيُّ صلى الله عليه وسلم فَسَأَلَ عَنْهُ فَقِيلَ مَاتَ . فَقَالَ " أَلاَّ آذَنْتُمُونِي بِهِ " . قَالَ " دُلُّونِي عَلَى قَبْرِهِ " . فَدَلُّوهُ فَصَلَّى عَلَيْهِ .

বাংলা

৩১৮৯. সুলায়মান ইবন হারব ও মুসাদ্দাদ (রহঃ) আবূ হুরায়রা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ জনৈক কালো বর্ণের মহিলা বা পুরুষ মসজিদে নববী ঝাঁড়ু দিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে দেখতে না পেয়ে লোকদের নিকট তার সম্পর্কে জিজ্ঞাসা করেন। তখন তাকে বলা হয়ঃ সে মারা গেছে। তখন তিনি বলেনঃ তোমরা আমাকে এ সম্পর্কে কেন অবহিত করলে না? তিনি বলেনঃ তোমরা আমাকে তার কবর দেখিয়ে দাও। তখন লোকেরা কবর দেখিয়ে দিলে তিনি তার কবরের উপর জানাযার নামায আদায় করেন।

English

Narrated Abu Hurairah:

A negress (or a youth) used to sweep the mosque. The Prophet (ﷺ) missed him, and when he asked about him the people told him that he had died. He said: Why have you not informed me? He said: Lead me to his grave. So they led him and he prayed over him.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন